NYC Department of Education
Carmen Fariña, Chancellor

PRE-K FOR ALL

জুন ২০১৫

প্রিয় পরিবার,

আমি আশা করি আপনি এবং আপনার সন্তান প্রি-কেতে একটি আনন্দময় এবং সমৃদ্ধ বছর উপভোগ করেছেন।

ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশনের পক্ষ থেকে আমি আনন্দের সঙ্গে আপনাকে পাঁচপি শিশুতোষ বইয়ের একটি প্যাকেজ আপনাকে প্রদান করছি: এবিসি আই লাইক মি!, হাউ ডু ডাইনোসরস গো টু স্কুল?, দি শেইপ অভ থিংস, কাউন্ট, এবং হোয়াইট র‍্যাবিটস কালার বুক। ছাড়া, অল্পবয়সে সাক্ষরতা দক্ষতা বাড়ানোয় সহায়তা করার জন্য আপনি একটি প্রি-কে টু কিনডারগার্টেন সামার রিডিং জার্নাল এবং কিছু অ্যাকটিভিটি পাবেন।

আপনার সন্তান এই বছর সবার জন্য প্রি-কেতে যেসব দক্ষতা শিখেছে সেগুলো আরো জোরদার করার জন্য প্রতিটি বই নির্বাচন করা হয়েছে। আপনার সন্তানের কিনডারগার্টেন শিক্ষক এই বুনিয়াদের ওপর নতুন দক্ষতা গড়া অব্যাহত রাখবেন।

পড়ার অভিজ্ঞতা থেকে বেশিটা পেতে আপনি নানভাবে আপনার সন্তানকে সাহায্য করতে পারেন। যেমন, কাউন্ট ও হোয়াইট র‍্যাবিটস কালার বুক পড়ার পর সন্তানের সঙ্গে রোজকার কাজ, যেমন মহল্লার দোকানগুলোয় যাওয়া-আসার সময়ে সংখ্যা ও রং নির্দেশ করতে আমি আপনাকে উৎসাহিত করছি। দি শেইপ অভ থিংস পড়ার পর আপনার মহল্লায় ঘুরে নানা আকার ও আকৃতি নির্দেশ করে আপনার সন্তানের কৌতূহল উসকে দিন।

সবচেয়ে গুরুত্বপূর্ণ, এই বইগুলো আপনার সন্তানের সঙ্গে সংশ্লিষ্ট হওয়ার ক্ষেত্রে আপনার জন্য একটি সুযোগ – একত্রে পাঠ ও অনুসন্ধান বিশেষ বন্ধন ও স্মৃতি তৈরি করে যা চিরজাগরুক থাকে। আপনার সন্তানের পাঠ অংশীদার হিশেবে আপনি গল্পের ব্যাপারে আগ্রহ প্রকাশে উৎসাহ দিয়ে এবং আরো পড়তে উদ্বুদ্ধ করে পড়ার প্রতি তাদের ভালবাসা জাগিয়ে তুলতে পারেন। আপনার সন্তানের সঙ্গে পড়ার পাশাপাশি আপনার নিজের জীবনের কাহিনি তাকে বলুন এবং তাকেও এটি করতে উৎসাহ দিন। আপনার সন্তান কেবল আপনার পরিবার ও পারিপার্শ্বিক অবস্থার সঙ্গেই সংযোগ স্থাপন করবে না, তারা তাদের নিজেদের গল্পও তৈরি করতে শুরু করবে এবং নিজেদেরকে পাঠক ও লেখক ও উভয় ভূমিকায়ই দেখবে। যদিও আমি অনেক বইয়ের মধ্যে বেড়ে উঠিনি, আমার নিজের সাক্ষরতার নিয়ে আমার সবচেয়ে মধুর স্মৃতিগুলোর মধ্যে কেবল আমার বাবার সঙ্গে পড়ার স্মৃতিই নেই, তার মুখে গল্প শোনার স্মৃতিও রয়েছে।

আমি অনুরোধ করছি গ্রীষ্মে আপনার সন্তানের পড়ার সংগ্রহ বড় করার জন্য তাকে নিয়ে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের প্রধান সহযোগী প্রতিষ্ঠান স্থানীয় পাবলিক লাইব্রেরিতে যান এবং তাকে তার আগ্রহের বই *বাছাই* করতে উৎসাহ দিন। কিনডারগার্টেনে উত্তরণে আরো সহায়সঙ্গতির জন্য আমাদের অনলাইন কিনডারগার্টেনে উত্তরণের পারিবারিক গাইড দেখুন: schools.nyc.gov/Academics/EarlyChildhood/parentfamilies/readpreK. আপনার যদি কোনো কমপিউটারে অভিগম্যতা না থাকে তাহলে আপনার স্থানীয় পাবলিক লাইব্রেরিতে যান অথবা 311 নম্বরে ফোন করুন।

আমি আপনার পরিবারের জন্য একটি আনন্দময় পাঠ ও ইনটারঅ্যাকটিভ শিখনের অভিজ্ঞতাসমৃদ্ধ গ্রীষ্ম কামনা করছি।

আপনার বিশ্বস্ত,

Carmen Fariña

চ্যান্সেলর ফারিনিয়া